গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

নং -৪৬.০০.০০০০.০০০.০৬৪.৩১.০০০৬.২৬- ৯২৫

তারিখঃ ১১ চৈত্র ১৪৩২ / ২৫ মার্চ ২০২৬

বিষয়: সিলেট জেলার জৈন্তাপুর ইউনিয়নকে পৌরসভা গঠন সংক্রান্ত।

সূত্র: জনাব আরিফুল হক চৌধুরী, মাননীয় মন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর ২৫/০২/২০২৬ তারিখের ডিও পত্র।

উপর্যুক্ত বিষয় এবং সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার জৈন্তাপুর ইউনিয়ন বিভাজন করে জৈন্তাপুর পৌরসভা গঠন করার লক্ষ্যে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩ ও ৪ ধারা অনুযায়ী নিম্নোক্ত তথ্যসহ সুস্পষ্ট মতামত প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

১। প্রস্তাবিত এলাকার লোক সংখ্যা এবং প্রস্তাবিত এলাকায় জনসংখ্যার ঘনত্ব প্রতি বর্গ কিলোমিটারে গড়ে কত জন;
২। প্রস্তাবিত এলাকার অকৃষি পেশার হার এবং অকৃষি প্রকৃতির ভূমির হার;
৩। প্রস্তাবিত এলাকার তফসিল (ইউনিয়নের নাম, মৌজার নাম, জে. এল নং এবং দাগ নম্বরসমূহ (ডিজিটাল ম্যাপসহ))
৪। প্রস্তাবিত এলাকার দাগ নম্বরসমূহ পরস্পর সংযুক্ত কিনা;
৫। প্রস্তাবিত এলাকাটি সেনানিবাস বহির্ভূত কিনা;
৬। স্থানীয় আয়ের উৎস; সরকারি অনুদান বা সাহায্য ব্যতীত প্রস্তাবিত এলাকার বিগত ৩ (তিন) বছরের গড় রাজস্ব আয় এবং

তফসিল

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | জে. এল নং | দাগ নং |
|---|---|---|---|---|
| | | | | |

সংযুক্তিঃ ০১(এক) পাতা।

২৫/৩/২৬

(আশফিকুন নাহার)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৫৫৭২
e-Mail: lgpaura2@lgd.gov.bd

জেলা প্রশাসক
সিলেট।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (পৌরসভা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব, (পৌরসভা-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. উপজেলা নির্বাহী অফিসার, জৈন্তাপুর, সিলেট।
৭. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

**আরিফুল হক চৌধুরী, এমপি**
**মন্ত্রী**
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**এবং**
**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

আধা-সরকারি পত্র নং- ৪০.০০.০০০০.০০২.৯৯.০০২.২৬-২০৮ তারিখ: ১২ ফাল্গুন ১৪৩২ / ২৫ ফেব্রুয়ারি ২০২৬

প্রিয় সচিব,

সালাম, প্রীতি ও শুভেচ্ছা নিবেন। সম্প্রতি অনুষ্ঠিত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে আমি ২৩২, সিলেট-০৪ আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হয়েছি এবং এবং বর্তমানে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মন্ত্রীর দায়িত্ব পালন করছি। আমার নির্বাচনী এলাকার অন্তর্ভুক্ত জৈন্তাপুর একটি ঐতিহ্যবাহী এবং পুরুত্বপূর্ণ উপজেলা। ১৯৮৩ সালের ১৪ সেপ্টেম্বর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত কমিটি (নিকার)-এর বৈঠকে সিলেট জেলার ৮ম ও দেশের ২৪৫তম উপজেলা হিসেবে ০৬ (ছয়টি) টি ইউনিয়ন নিয়ে জৈন্তাপুর উপজেলা অনুমোদন দেয়া হয়। তখন থেকে জৈন্তাপুরে ব্যাপক অবকাঠামোগত উন্নয়ন হয়েছে এবং শিক্ষা ও স্বাস্থ্য ব্যবস্থা, ব্যবসা-বাণিজ্য ও নাগরিক সুযোগ-সুবিধার দিক থেকে জৈন্তাপুর উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। কিন্তু এখনো এটি পৌরসভা হিসেবে ঘোষিত না হওয়ায় স্থানীয় জনগণ আধুনিক নাগরিক সেবা থেকে বঞ্চিত হচ্ছে।

জৈন্তাপুর সদরের নিজপাট ইউনিয়নের আয়তন ১২.৩৫ বর্গ কি:মি: । এ ইউনিয়নে গ্রামের সংখ্যা ৫০টি। নিজপাট ইউনিয়নে মোট ২৩ টি মৌজা রয়েছে । সর্বশেষ জনশুমারি অনুযায়ী নিজপাট ইউনিয়নের জনসংখ্যা ২৯৯২১ হলেও বর্তমানে এই ইউনিয়নে ৫০০০০ এর কাছাকাছি লোক বসবাস করে বলে ধারণা করা যায়। জৈন্তাপুর ও গোয়াইনঘাট উপজেলার অন্তত ১৯ টি ইউনিয়নের অন্যতম প্রধান বাণিজ্যিক কেন্দ্র এ নিজপাট সদর ইউনিয়নের জৈন্তাপুর বাজার। এছাড়াও এই ইউনিয়ন এলাকাতেই বেশ কয়েকটি গ্রোথ সেন্টার রয়েছে। দুঃখজনকভাবে, জৈন্তাপুর উপজেলা প্রতিষ্ঠার ৪২ বছর পরও জৈন্তাপুর উপজেলা সদরের জনগণ আধুনিক নাগরিক সুবিধা বঞ্চিত রয়েছে।

সাম্প্রতিক সময়ে গড়ে উঠা বালুমহল, পাথর-কোয়ারি, ষ্টোন ক্রাশার জোন, সাইট্রাস গবেষণা কেন্দ্র এবং পর্যটন শিল্পকে ঘিরে অনেক দাপ্তরিক ও ব্যবসায়িক কার্যক্রম জৈন্তাপুরের নিজপাট ইউনিয়নে বিস্তার লাভ করায় পৌর সুযোগ সুবিধার অভাব অনুভূত হচ্ছে। বর্তমানে এ ইউনিয়নে সরকারী ১৬ টি প্রাথমিক বিদ্যালয়;মাধ্যমিক বিদ্যালয় সরকারী ১ টি, বেসরকারী ৩ টি ও নিম্ন মাধ্যমিক ১ টিসহ আরো ০৪ টি বিদ্যালয়; সরকারী ১টি ও বেসরকারী ১ টি কলেজ এবং ০১ টি কারিগরি কলেজ ও ০১ টি কৃষি প্রযুক্তি ইনস্টিটিউট; আলিয়া মাদ্রাসা ১ টি, কওমী মাদ্রাসা ৬ টি ও অন্যান্য ২ টি মাদ্রাসা রয়েছে । প্রায় ৫০ টি গ্রামের ৬১৬৮ টি খানা নিয়ে গঠিত এ ইউনিয়নে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সটিও অবস্থিত। এছাড়া, এখানে ছোট বড় বেসরকারি হাসপাতাল ও ডায়গনষ্টিক সেন্টারসহ মোট ০৪ টি স্বাস্থ্য সেবা কেন্দ্র রয়েছে। এই ইউনিয়নের মধ্যেই সরকারিভাবে ইজারাকৃত ০১ টি হাট-বাজার রয়েছে, যার মাধ্যমে বছরে সরকারের রাজস্ব আদায় হয় প্রায় ২.৫ কোটির টাকার উপরে।

সার্বিক বিবেচনায়, জৈন্তাপুর এলাকার জনসংখ্যার ঘনত্ব, অকৃষি জমির পরিমাণ, আর্থ-সামাজিক অবস্থা, সরকারি রাজস্ব আদায়ের হার ইত্যাদি বিবেচনায় নিয়ে জৈন্তাপুর ইউনিয়ন বিভাজন করে একটি নতুন পৌরসভা গঠন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

শুভেচ্ছান্তে,

(আরিফুল হক চৌধুরী, এমপি)

মো: রেজাউল মাকছুদ জাহেদী
সচিব
স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্মসচিব
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)
১) প্রশাসন
২) নগর উন্নয়ন
৩) পৌরসভা
৪) উন্নয়ন
৫) পানি সরবরাহ (পাস)
৬) উপজেলা অধিশাখা
৭) ইউপি অধিশাখা
৮) অডিট অধিশাখা
৯) আইন অধিশাখা
ডাইরি নং
তারিখঃ
স্বাক্ষর

নম্বরঃ......... তারিখঃ ২৬/০২/২৬
১. যুগ্মসচিব/উপসচিব (পৌর অধিঃ)-১/২
২. উপসচিব/সিঃ সঃ সঃ- (পৌর শাখা)- ১/২/৩/৪
অতিরিক্ত সচিব (পৌরঃ) অনুবিভাগ